## স্নাতক পাঠক্রম ( B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) :
ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

# অর্থনীতি ( Economics )

***ঐচ্ছিক পাঠক্রম ( Elective )***

**সপ্তম পত্র** [ 7th Paper : **Developmental Economics (Advanced) & Mathematical Technique in Economics** ]

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

Time : 4 Hours Full Marks : 100

( মানের গুরুত্ব ঃ ৭০% )

( Weightage of Marks : 70% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

**Special credit will be given for accuracy and relevance in the answer. Marks will be deducted for incorrect spelling, untidy work and illegible handwriting. The weightage for each question has been indicated in the margin.**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) অর্থনৈতিক সমৃদ্ধি বলতে কী বোঝায় ? মাথাপিছু আয় কী অর্থনৈতিক উন্নয়নের নির্দেশক ? উপযুক্ত যুক্তিসহ ব্যাখ্যা করুন। কোন দেশের অর্থনৈতিক উন্নয়নে মানব সম্পদ উন্নয়নের ভূমিকা আলোচনা করুন। ৪ + ৮ + ৮





(খ) দ্বৈত অর্থনীতি বলতে কী বোঝায় ? দ্বৈত অর্থনীতির বিভিন্ন রূপ ব্যাখ্যা করুন। উদ্বৃত্ত শ্রম-সম্পন্ন অর্থনৈতিক ব্যবস্থায় মূলধন গঠন সম্পর্কে লুইসের মডেলটি আলোচনা করুন। ৪ + ৬ + ১০

(গ) সুষম সমৃদ্ধি কথাটির অর্থ কী ? সুষম সমৃদ্ধির বিভিন্ন ভাষ্য আলোচনা করুন। অসম সমৃদ্ধি সম্পর্কে সিঙ্গার-হার্শম্যান ভাষ্যটি ব্যাখ্যা করুন। ৪ + ৬ + ১০

(ঘ) অর্থনৈতিক উন্নয়নের বিভিন্ন স্তর সম্পর্কে রস্টোর মতবাদটি সমালোচনাসহ ব্যাখ্যা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) শ্রম-নিবিড় ও মূলধন-নিবিড় উৎপাদন পদ্ধতির পক্ষে ও বিপক্ষে যুক্তিগুলি আলোচনা করুন।

(খ) জনসংখ্যা বৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়নের মধ্যে সম্পর্ক আলোচনা করুন।

(গ) ছদ্মবেশী বেকারত্ব কাকে বলে ? ছদ্মবেশী বেকারত্বের মধ্যে সঞ্চয় কীভাবে লুকিয়ে থাকে ? এই সঞ্চয় কী সর্বদাই পরিলক্ষিত হয় ? আপনার উত্তরের স্বপক্ষে যুক্তি দিন। ২ + ৬ + ৪

(ঘ) সমৃদ্ধির চালিকাশক্তি হিসেবে আন্তর্জাতিক বাণিজ্য কতটা কার্যকরী সে বিষয়ে আলোচনা করুন।

(ঙ) বৈদেশিক সাহায্যের ক্ষেত্রে তিন ফাঁকের মডেলের মূল বক্তব্যটি বিশ্লেষণ করুন।

(চ) মূলধন-উৎপাদন অনুপাত বলতে কী বোঝায় ? এই অনুপাতের লক্ষণগুলি সংক্ষেপে আলোচনা করুন।

৪ + ৮

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) উন্নয়নের জন্য জোর ধাক্কা তত্ত্বটি আলোচনা করুন।

(খ) শিল্প সংরক্ষণের পক্ষে যুক্তিগুলি আলোচনা করুন।

(গ) স্বল্পোন্নত দেশগুলিতে বিভিন্ন ধরনের বেকারত্ব সম্বন্ধে আলোচনা করুন।

(ঘ) জনসংখ্যা বিষয়ক রূপান্তরের তত্ত্বটি আলোচনা করুন।

(ঙ) $X$-এর বিক্রয় থেকে লব্ধ আয় সমীকরণ হল

$R = 100Q - Q^2$

[ $R$ : আয়ের সূচক; $Q$ : $X$-এর পরিমাণের সূচক ]

প্রান্তিক আয় (MR) যখন 20 হয়, তখন চাহিদার বিন্দুস্থ স্থিতিস্থাপকতা নির্ণয় করুন।

(চ) ধরুন যে $C = a + by$ একটি ভোগ অপেক্ষক, যেখানে $a > 0$ এবং $0 < b < 1$

(i) এর গড় ও প্রান্তিক অপেক্ষক দুটি বের করুন।

(ii) আয়গত স্থিতিস্থাপকতা $E_{cy}$ নির্ণয় করুন। ৩ + ৩





(ছ) ধরুন উৎপাদন অপেক্ষক $Q = AK^{a}L^{1-a}$, $0 < a < 1$, যদি উপাদানটির দাম $P_K$ ও $P_L$ হয়, দেখান যে বিস্তারপথটি হবে

$(1-a)P_K.K - aP_L.L = 0$

(জ) যদি একটি কবওয়েব মডেলের চাহিদা ও যোগান অপেক্ষকগুলি নিম্নরূপ হয়,

$Q_{dt} = 18 - 3P_t$

$Q_{st} = -3 + 4P_{t-1}$

তবে ভারসাম্য দাম কত হবে ? এই ভারসাম্য দাম কী স্থায়ী হবে ? ২ + ৪

**English Version**

1. Answer any *two* questions : 20 × 2 = 40

   (a) What do you mean by economic growth ? Is the per capita income an indicator of economic development ? Explain with suitable reasons. Discuss the role of development of human resources or economic development of a country.

   4 + 8 + 8

   (b) What is meant by economic dualism ? Analyse the different forms of economic dualism. Discuss the process of capital formation in a labour surplus economy with the help of Lewis model. 4 + 6 + 10

   (c) What is the meaning of balanced growth ? Discuss the different versions of balanced growth. Discuss the Singer-Hirschman version of unbalanced growth. 4 + 6 + 10

   (d) Critically discuss Rostow's Doctrine regarding the stages of economic development.





2. Answer any *three* questions : 12 × 3 = 36

   (a) Discuss the arguments for and against the Labour-intensive technology and Capital-intensive technology.

   (b) Discuss the relation between the Population growth and Economic development.

   (c) What is meant by Disguised unemployment ? How is saving concealed in disguised unemployment ? Is this saving always noticed ? Give reasons for your answer. 2 + 6 + 4

   (d) Discuss the effectiveness of international trade as an engine of growth.

   (e) Discuss the basic theme of Three gap model related to Foreign Aid.

   (f) What do you mean by Capital-outlet Ratio ? Discuss, in brief, the Capital-output ratio criteria. 4 + 8

3. Answer any *four* questions : 6 × 4 = 24

   (a) Discuss the Push theory of development.

   (b) Analyse the arguments in favour of protection of industries.

(c) Discuss the different forms of unemployment in an underdeveloped country.

(d) Discuss the theory of Demographic Transition.

(e) The equation of total revenue from sale of $X$ is

$$R = 100Q - Q^2$$

[ $R$ = Income index; $Q$ = Index of quantity of $X$ ]

When marginal revenue is 20, determine the point elasticity of demand.

(f) Suppose $C = a + by$ is a consumption function, where $a > 0$ and $0 < b < 1$.

(i) Find out its average and marginal functions.

(ii) Determine the income elasticity $E_{cy}$.

3 + 3

(g) Suppose the production function is :

$$Q = AK^{\alpha}L^{1-\alpha},\ 0 < \alpha < 1.$$

If the prices of the factors are $P_K$ and $P_L$, show that the expansion path is $(1-\alpha)P_K.K - \alpha P_L.L = 0$.





(h) If the demand and supply functions of a Cobweb model are as follows :

$$Q_{dt} = 18 - 3P_t$$

$$Q_{st} = -3 + 4P_{t-1}$$

what will be the equilibrium price ? Will this equilibrium price be stable ? 2 + 4